দৈনিক
ইনকিলাব

তারিখ 13 JUN 2010
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# শিক্ষা দিবস আজ

## ছাত্রীদের নিরাপত্তায় বখাটে সন্ত্রাসীদের প্রতিরোধের আহ্বান

স্টাফ রিপোর্টার

শিক্ষা দিবস আজ। দিবসের প্রতিপাদ্য হচ্ছে- 'ছাত্রীদের নিরাপত্তায় বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধ করুন'। ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধ করতে এবং প্রত্যেক স্কুলছাত্রীর শিক্ষাজীবন ও চলাফেরা, নিরাপত্তা নিশ্চিত করতে সকলকে আজ শপথ পাঠ করাবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে দেশে এই প্রথম ১৩ জুন শিক্ষা দিবস হিসেবে দিনটি পালন করা হচ্ছে। শিক্ষা দিবস উপলক্ষে সকাল ৮টায় রাজধানীর পল্টনস্থ মুক্তাঙ্গণে 'ছাত্রীদের নিরাপত্তায় বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধ' অনুষ্ঠেয় একটি বর্ণাঢ্য র‍্যালি শুরু হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে শেষ হবে।

পৃঃ ১২ কঃ ৬

## শিক্ষা দিবস আজ

১৩-এর পৃষ্ঠার পর

র‍্যালিতে রাজধানীর সব সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষকমণ্ডলী ও অভিভাবকসহ সচেতন ব্যক্তিবর্গরা উপস্থিত থাকবেন।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, রাজধানী ছাড়া দেশের সকল জেলা-উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ নিজ উদ্যোগে সম্মিলিতভাবে আজ এ দিনটি শিক্ষা দিবস হিসেবে পালন করবেন। কেন্দ্রীয় কর্মসূচির আদলে দেশের সকল জেলা-উপজেলায় র‍্যালি, সমাবেশ, শপথ গ্রহণ কর্মসূচি পালন করার মধ্য দিয়ে প্রতিপাদ্য বিষয়বস্তু ভিত্তিক লিফলেট, পোস্টার ও স্টিকার বিতরণ করা হবে।

শিক্ষামন্ত্রী বলেন, সবার সম্মিলিত অংশগ্রহণে এদেশের মেয়েদের চলার পথ হবে স্বাচ্ছন্দ্য ও নিরাপদ। সমূলে উচ্ছেদ হবে বখাটে-সন্ত্রাসীরা। তিনি এ কর্মসূচিতে দেশের সকল বিবেকবান সুধীজনকে অংশগ্রহণের অনুরোধ জানিয়েছেন। মন্ত্রী বলেন, আইন প্রয়োগের পাশাপাশি সামাজিক আন্দোলন গড়ে বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধ করা সম্ভব। এ জন্য সমাজের সর্বস্তরের জনগণকে এ ঘৃণ্য অপতৎপরতার প্রতিবাদ ও প্রতিরোধে সামিল হতে হবে। বখাটে-সন্ত্রাসী যে দলেরই হোক বা যত প্রভাবশালী ব্যক্তির সন্তানই হোক কাউকে ছেড়ে দেয়া হবে না। তিনি প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াকে এ আন্দোলনের অগ্রণী অংশীদার হিসেবে সক্রিয় সহযোগিতা সমাজকে সাহসী করে তুলবে বলে উল্লেখ করেন।

উল্লেখ্য, শিক্ষা দিবস উদযাপন এবং বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধে এই কর্মসূচিতে শিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় অধিদপ্তরের কর্মকর্তা, দেশের প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সম্পাদক ও চেয়ারম্যান, নারী-আইনী ও মানবাধিকার সংগঠক, সাংস্কৃতিক সংগঠকদের ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।